



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

সূত্র : শিক্ষামন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা।

স্মারক নং : বশিবো/কলেজ/অনু: ২০২৩/ ২৬৫০

তারিখ : ০৭ আগস্ট ২০২৩

বিষয় : উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণির (২০২৩-২০২৪) ভর্তি বিজ্ঞপ্তি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল কলেজ/ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তির তারিখ ও সময় সূচি নির্ধারণ করা হয়েছে। ১০.০৮.২০২৩ থেকে ২০.০৮.২০২৩ পর্যন্ত ১ম পর্যায়ের ভর্তি কার্যক্রম একাদিক্রমে অন-লাইনের মাধ্যমে সম্পন্ন হবে। (উল্লেখ্য, ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কলসেন্টার বন্ধ থাকবে।)

ভর্তিপ্রক্রিয়া, ভর্তির যাবতীয় তারিখ (২য় ও ৩য় পর্যায়ের ভর্তির আবেদন), নিশ্চায়নের তারিখ, মাইগ্রেশনের তারিখ সহ অন্যান্য ভর্তি সংক্রান্ত বিষয়ে সুস্পষ্ট ধারণা নেয়ার জন্য শিক্ষার্থী, অভিভাবক সহ সকলকে ভর্তির ওয়েব পেইজ- www.xiclassadmission.gov.bd দেখার জন্য অনুরোধ করা হলো।

ভর্তির নীতিমালা, ভর্তি সংক্রান্ত ফি, ভর্তির যোগ্যতা, মুক্তিযোদ্ধা কোটা, প্রতিবন্ধী এবং বি.কে.এস.পি'র শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিভিন্ন নীতিমালা দেখার জন্য শিক্ষামন্ত্রণালয়ের ওয়েবপেইজ www.xiclassadmission.gov.bd দেখার জন্য অনুরোধ করা হলো।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা ২০২৩ অনুযায়ী যাবতীয় ফি সংগ্রহ করতে হবে। উল্লিখিত নির্ধারিত ফি এর চেয়ে অতিরিক্ত যে কোন ফি কোন প্রতিষ্ঠান গ্রহণ করলে তার ভর্তি কার্যক্রম বন্ধ সহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বি.দ্র: প্রতিবছর কোন কোন প্রতিষ্ঠান শিক্ষার্থীর ইচ্ছার বিরুদ্ধে ভর্তির আবেদন করে থাকে- যা ভর্তিনীতিমালা এর স্পষ্ট লঙ্ঘন। এ রূপ কার্যক্রম হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি কার্যক্রম বন্ধ সহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

Signature ৭.৮.২০২৩

প্রফেসর মো: আব্বাস উদ্দিন খান (৭২৩৭)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।